তারিখ 27 SEP 1989
পৃষ্ঠা ... কলাম ...

036

# স্কুলে বোমাবাজির দায়ে কঠোর ব্যবস্থা নেয়া হবেঃ উপাচার্য

।। স্টাফরিপোর্টার।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান বলেছেন, স্কুলের বোমাবাজরাও বিশ্ববিদ্যালয়ের কতিপয় অফিসার-কর্মচারীর সন্তান। এর দায়-দায়িত্ব ঐ সকল অফিসার-কর্মচারীকে নিতেহবে।

গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত

৭-এর পাতায় দেখুন

## স্কুলে বোমাবাজির

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞান বিভাগ এবং গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের নবাগত ছাত্র-ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথাবলেন।

উপচার্য মান্নান শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস নির্মূল করার সাথে সাথে সমাজ থেকেও সন্ত্রাস নির্মূলের পদক্ষেপ গ্রহণের ওপর গুরুত্বারোপ করে বলেন, বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী স্কুলের প্রিটেস্ট পরীক্ষা গ্রহণে যারা বোমাবাজি দ্বারা অন্তরায় সৃষ্টির অপপ্রয়াস চালিয়েছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

তিনি বলেন, স্কুলের বোমাবাজরাও এ বিশ্ববিদ্যালয়েরই কতিপয় অফিসার-কর্মচারীর সন্তান।। শিক্ষার আলোর পথে আনার জন্য 'বিশেষ কোটায়' তাদেরকে ভর্তি করা হয়েছিল। অথচ নবম-দশম শ্রেণীর ছাত্র হয়ে তারা বোমাবাজি করে।

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের উদ্যোগে ছাত্র-শিক্ষককেন্দ্রে আয়োজিত এ অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের প্রেক্টর অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান চৌধুরী সামছুল হুদা হারুন, গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ডঃ খা, যু সাইফুল ইসলাম, ডঃ মোস্তফা চৌধুরী, ডঃ সিরাজুল ইসলাম ও টিএসসি'র উপ-পরিচালক আলমগীর হোসেন। সভানেত্রী ছিলেন দফতরের ভারপ্রাপ্ত পরিচালিকা মেহেরুন্নেসাচৌধুরী।